# কুরআনের অর্থ বুঝার সহজ অভিধান

বিভাগ/অধ্যায়ঃ باء (বা) [৮৭]

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

باء (বা) - ৩

بطر> بَطَرًا، بَطِرَ [س] গর্ব করা, অহঙ্কার করা, অতি উৎফুল্ল হওয়া ৮:৪৭

بطش> الْبَطْشَةَ، بَطْشًا، بَطَشَ [ض] ধরা, পাকড়াও করা, কঠোর হস্তে দমন করা, অভিযান চালানো, শক্তি খাটানো, জোর খাটানো, শক্তি প্রয়োগ করা ৭:১৯৫

بطل> [ن] بَطَلَ বাতিল হওয়া, রহিত হওয়া, নষ্ট হওয়া, অকেজো হওয়া, বেকার হওয়া, নিরর্থ হওয়া, অকার্যকর হওয়া ৭:১১৮

أَبْطَلَ বাতিল করা, রহিত করা, নষ্ট করা, অকেজো করা, মিথ্যা প্রমাণিত করা, অকার্যকর করা ২:২৬৪

بَاطِلٌ বাতিল, রহিত, অকেজো, মিথ্যা, নিরর্থ, অনর্থক, নাহক, নষ্ট, অকার্যকর ৮:৮

مُبْطِلٌ অনর্থকারী, অনর্থবাদী, অকার্যকারী ৭:১৭৩

بطن> [ن] بَطَنَ গোপন থাকা, সুপ্ত থাকা, অস্পষ্ট থাকা ৬:১৫১

بَاطِنٌ অপ্রকাশমান, গোপনকারী, গোপক, অদৃশ্য সত্তা, আল-বাতিন: আল্লাহর গুণবাচক নাম ৫৭:৩ তখন অর্থ হবে অতি নিকটে; ভিতর দিক, আভ্যন্তরীণ, গোপন গুনাহ ৬:১২১

بَاطِنَةً গোপন. অপ্রকাশ্য ৬:১২০

بِطَانَةٌ ج بَطَائِنُ অন্তরঙ্গ বন্ধু, মনের মানুষ ৩:১১৮

بَطَائِنُ و بِطَانَةٌ অভ্যন্তর, ভিতর পাট, মাঝখান ৫৫:৫৪

بَطْنٌ ج بُطُونٌ পেট, উদর, অভ্যন্তর, ভিতর, গর্ভ, জরায়ু ৩:৩৫

بعث> الْبَعْثُ، بَعَثَ [ف] প্রেরণ করা, পাঠানো, পুনর্জীবন দেওয়া, পুনরুত্থান করা ২:৫৬

انبِعَاث، انبَعَثَ পুনরুত্থিত হওয়া, উঠা, দাড়ানো, চলা ৯১:১২

مَبْعُوثٌ প্রেরিত, উত্থিত, পুনরোত্থিত, পুনর্জীবিত ৬:২৯

بعثر> بَعْثَرَ নিষ্কাশন করা, উৎপাটন করা, মূলোৎপাটন করা, উপড়ে ফেলা, তুলে ফেলা, উন্মোচন করা, পুনরুত্থান করা, অনুসন্ধান করা, তোলা ১০০:৯

بعد> [ك] بَعُدَ দীর্ঘ হওয়া, মারাত্মক হওয়া ৯:৪২

بَعِدَ [س] ধ্বংস হওয়া, উচ্ছেদ হওয়া, নির্মূল হওয়া, অপসারণ, বিদূরণ ১১:৯৫

بَاعَدَ দূরত্ব বাড়ানো, দূরত্ব দীর্ঘ করে দেওয়া ৩৪:১৯

بُعْدَ المَشْرِقَيْنِ পূর্ব পশ্চিমের দূরত্ব ৪৩:৩৮

بُعْدًا ধ্বংস হোক, নিপাত যাক, দূর হোক ১১:৯৫

بَعِيدٌ সুদীর্ঘ, সুদূরপরাহত, দূরবর্তী, দীর্ঘ দূরত্ব, মারাত্মক, চরম ৩:৩০

بَعْدَ পর, পরে, পশ্চাতে, অতঃপর ২:২৭

مُبْعَدٌ দূরে অবস্থিত, দূরীভূত, বিদূরিত, দূরীকৃত, বিতাড়িত, অপসারিত ২১:১০১

بعر> بَعِيرٌ جل بُعْرَانٌ উট, উষ্ট্রী, উষ্ট্র, মরুতরণী ১২:৬৫

بعض> بَعْضٌ جل أَبْعَاضٌ কতক, কতিপয়, কিছু, কোনো, কেউ, কেউ কেউ ২:৩৬

بَعُوضَةً মশা, মশক, মাছি, তুচ্ছবস্তু ২:২৬

بعل> بَعْلٌ মূর্তির নাম, বাল প্রতিমা ৩৭:১২৫

بُعُولَةٌ ج স্বামী, পতি ২:২২৮

بغت> بَغْتَةً হঠাৎ, সহসা, অচিরেই, আকস্মাৎ ৬:৩১

بغض> بَغْضَاءُ শত্রুতা, হিংসা, ঘৃণা, দুশমনি, অসন্তুষ্টি ৫:১৪

بغل> بِغَالٌ و بَغْلٌ খচ্চর, ১৬:৮

بغي> [ض] بَغَى সীমালজ্ঘন করা, সীমাতিক্রম করা, বাড়াবাড়ি করা, উৎপীড়ন করা, নিপীড়ন করা, অত্যাচার করা, বিদ্রোহ করা, জুলুম করা ৪৯:৯; কামনা করা, চাওয়া, তালাশ করা ৬:১৬৪

ابْتَغَى، ابْتِغَاء তালাশ করা, সন্ধান করা, খোজ করা, কামনা করা, লক্ষ্য ও উদ্দেশ্য হিসাবে গ্রহণ করা ২৩:৭

انبَغَي সমীচীন হওয়া, শোভা পাওয়া, সঙ্গত হওয়া, যোগ্য হওয়া, কাম্য হওয়া, উচিত হওয়া ১৯:৯২

الْبَغْيُ বিদ্বেষ, হিংসা, শত্রুতা, বিদ্রোহ, জুলুম ৭:৩৩

الْبِغَاءُ কুকর্ম, ব্যভিচার ২৪:৩৩

بَغِيًّا পাপাচারী, ব্যভিচারী, কামিনী, বেশ্যা, বারাঙ্গনা ১৯:২০

بَاغٍ সীমালজ্ঘনকারী, বিদ্রোহী ২:১৭৩

بقر> الْبَقَرُ، بَقَرَةٌ ج بَقَرَاتٍ গরু, গোরু, গাভী ২:৬৭

بقع> بُقْعَةٌ جل بُقَعٌ، بِقَاعٌ ভূমি, প্রান্তর ২৮:৩০

بقل> بَقْلٌ جل بُقُوْلٌ তরকারি, শাক সবজি ২:৬১

بقي> [س] بَقِيَ স্থায়ী থাকা, বাকি থাকা, অবশিষ্ট থাকা ২:২৭৮

أَبْقَى দীর্ঘস্থায়ী করা, স্থায়ী রাখা, বাকি রাখা, অবশিষ্ট রাখা ৫৩:৫১

أَبْقَى দীর্ঘস্থায়ী, টেকসই, অধিকতর স্থায়ী ২০:৭১

بَاقٍ مث بَاقِيَةٌ স্থায়ী, অবশিষ্ট বস্তু ১৬:৯৬

بَقِيَّةٌ অবশিষ্টাংশ, শ্রেষ্ঠত, নেকি, পুণ্য, সওয়াব ১১:৮৬

أُولُو بَقِيَّةٍ জ্ঞানী, বুদ্ধিমান, শ্রেষ্ঠ ১১:১১৬

<بكر بِكْرٌ ج أَبْكَارٌ বালিকা, কুমারী ২:৬৮

بُكْرَةٌ، إِبْكَارٌ প্রভাত, উষা, প্রাতকাল, পূর্বাহ্ণ ১৯:১১

<بكك بَكَّةُ মক্কা নগরি ৩:৯২

<بكم أَبْكَمُ ج بُكْمٌ বোবা, মূক, কালা ১৬:৭৬

<بكي [ض] بَكَى কাঁদা, ক্রন্দন করা, অশ্রুপাত করা, রোদন করা ১২:১৬

أَبْكَى কাঁদানো, কান্দানো ৫৩:৪৩

بُكِيٌّ و بَاكٍ কান্নাজড়িত, ক্রন্দনরত, কান্নাবিজড়িত, সজলনয়নে ১৯:৫৮

بَلْ বরং, বরঞ্চ, তবে, এমনকি, তবুও, অথচ, তা সত্ত্বেও, তথাপি, আরও, অপরন্তু, অন্যথায়, বিকল্পে, না হলে, নইলে, নতুবা, নচেৎ ২:৮৮

<بلد بَلَدٌ، بَلْدَةٌ ج بِلَادٌ শহর, নগর, গ্রাম, গঞ্জ, ভূমি, নগরি ৫০:১১

<بلس أَبْلَسَ নিরাশ হওয়া, হতাশ হওয়া, আশাহত হওয়া, ভগ্নহৃদয় হওয়া, নিস্পৃহ হওয়া, হতভম্ব হওয়া ৩০:১২

Source — https://www.hadithbd.com/books/link/?id=10199

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন